

ইসলাম প্রতিদিন

# নিত্যপাঠ-০৯

ইসলাম এন্ড লাইফ

ISLAM AND LIFE


info@ac.islamandlife.org, www.ac.islamandlife.org

+88 01708 43 41 95

# কুরআন

সূরা: আল মাউন আয়াত: ০৭ অবতীর্ণ: মক্কা

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

قُلۡ هُوَ اللّٰهُ اَحَدٌ ۚ﴿۱﴾ اَللّٰهُ الصَّمَدُ ۚ﴿۲﴾ لَمۡ يَلِدۡ ۙ وَ لَمۡ يُوۡلَدۡ ۙ﴿۳﴾ وَ لَمۡ يَكُنۡ
لَّهٗ كُفُوًا اَحَدٌ ﴿۴﴾

উচ্চারণ: বিসমিল্লাহির রাহমানির রাহিম। ক্বুল হুয়ালল্লাহু আহাদ। আল্লাহুস সামাদ। লাম ইয়ালিদ ওয়া লাম ইউলাদ। ওয়ালাম ইউকুন লাহু কুফওয়ান আহাদ।

অর্থ: ১. বলুন, তিনি আল্লাহ, এক-অদ্বিতীয়, ২. আল্লাহ হচ্ছেন সামাদ (তিনি কারো মুখাপেক্ষী নন, সকলেই তাঁর মুখাপেক্ষী); ৩. তিনি কাউকেও জন্ম দেননি এবং তাকেও জন্ম দেয়া হয়নি, ৪. এবং তাঁর সমতুল্য কেউই নেই।

# হাদিস

**কিতাব: রিয়াজুসসালিহিন** | **হাদিস নং: ৭৮৩**

**وَعَنِ ابنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنهُمَا: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: اِلْبَسُوا مِنْ ثِيَابِكُمْ البَيَاضَ ؛ فَإنَّهَا مِنْ خَيْرِ ثِيَابِكُمْ، وَكَفِّنُوا فِيهَا مَوْتَاكُمْ**

**رواه أَبُو داود والترمذي، وقال: حديث حسن صحيح .**

অর্থ: ১/৭৮৩। ইবনে আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা তোমাদের সাদা রঙের কাপড় পরিধান কর। কেননা, তা তোমাদের সর্বোত্তম কাপড়। আর ওতেই তোমাদের মৃত ব্যক্তিদেরকে কাফন দাও।” আবূ দাঊদ, তিরমিযী হাসান সহীহ)

সহীহুল বুখারী ২৮৩৮, ২৮৩৯, ৪৪২৩

# ফিকাহ

কিতাবঃ আহকামে জিন্দেগী  অধ্যায় : নাপাকীর বর্ণনা  বিষয়ঃ নাপকির হুকুমা

* যে সব প্রাণী ঘরে থাকে যেমন- সাপ, বিচ্ছু, ইঁদুর, তেলাপোকা, টিকটিকি এবং মুরগি। যেগুলো সর্বত্র ছাড়া থাকে, এদের ঝুটা মাকরুহ তানযীহি। ইঁদুর যদি রুটির কিছু অংশ খেয়ে থাকে সেদিকে দিয়ে কিছুটা ছিড়ে ফেলে অবশিষ্ট অংশ খাবে।

* হালাল পশু ও হালাল পাখির ঝুটা পাক। ঘোড়ার ঝুটাও পাক। যে কোন রকমস পোশা পাখি যদি মরা না খায় এবং তার ঠোটে কোন রকম নাপাকী থাকার সন্দেহ না থাকে তবে তাদের ঝুটটাও পাক।

হালাল পশু ও হালাল জানোয়ারের ঝুটা পাক। তাদের ঘামও পাক যাদের ঝুটা মাকরূহ তাদের ঘামও মাকরূহ।